প্রিয় পিতামাতা:

স্কুল বছর শুরুতেই আমরা সন্তানদেরকে সঙ্গে নিয়ে **২০১৩-২০১৪ সালের *সিটিভিত্তিক আদর্শ হস্তক্ষেপ ও শৃঙ্খলা ব্যবস্থা (আচরণবিধি)*** পর্যালোচনার জন্য আপনাদেরকে অনুরোধ জানাচ্ছি। আচরণবিধিটি এমনভাবে তৈরি করা হয়েছে, যাতে এটা নিশ্চিত করা যায় যে, শিক্ষার্থী, কর্মী ও পিতামাতাসহ স্কুল কম্যুনিটির সকল সদস্যের কাছ থেকে প্রত্যাশিত আদর্শ আচরণ, এবং সেসব আদর্শ আচরণ না করার ফলে তাদেরকে যে পরিণতির মুখোমুখী হতে হবে, সেগুলো সম্পর্কে তারা অবগত আছেন। প্রতি বছর ডিটার্টমেন্ট অব এডুকেশন একটি নিরাপদ, সুরক্ষিত ও সহায়তামূলক শিক্ষণ পরিবেশ বজায় রাখায় সহায়তা প্রদানের জন্য আচরণবিধি পর্যালোচনা এবং প্রয়োজনে সংশোধন করে, যাতে স্কুল ও পরিবারসমূহের কাছে তা স্পষ্টভাবে ব্যাখ্যা করা যায়। **আমরা পুরো নথিটি পর্যালোচনা করার জন্য আপনাদেরকে উৎসাহিত করছি।** এটি ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর ওয়েবসাইটে দশটি ভাষায় পাওয়া যায়।

শৃঙ্খলাবিধিতে নিয়মভঙ্গের তালিকা দুইটি সেকশনে (দুইটি ভাগে) বিভক্ত: সেকশন এ কিন্ডারগার্টেন থেকে ৫ গ্রেড এবং সেকশন বি ৬ গ্রেড থেকে ১২ গ্রেড-এর জন্য। প্রতিটি সেকশনে আবার "অসহযোগিতামূলক আচরণ" থেকে শুরু করে "সহিংস আচরণ" পর্যন্ত পাঁচটি স্তরের নিয়মভঙ্গের পাশাপাশি একটি সুবিন্যস্ত শৃঙ্খলাবিধান এবং তত্ত্বাবধানমূলক হস্তক্ষেপ রয়েছে যা স্কুলকর্মীরা প্রয়োগ করতে পারেন। অসদাচারণের প্রকৃতি অনুযায়ী যেসব শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থা রয়েছে, তার মধ্যে আছে পিতামাতার সাথে বৈঠক, আটক বা সাময়িক বহিষ্কার। তদুপরি, শিক্ষার্থীর অধিকার ও দায়িত্বসমূহের কথাও আচরণবিধিতে উল্লিখিত আছে।

ডিসিপ্লিন কোড ছাড়াও আপনার সন্তানকে স্কুলে যে আচরণ করতে হবে, তার সার-সংক্ষেপসম্বলিত একটি আচরণগত চুক্তির দুইটি কপি দেওয়া হবে। অনুগ্রহ করে এই নিয়মগুলো আপনার সন্তানকে সঙ্গে নিয়ে পর্যালোচনা করবেন এবং এক কপি সই করে স্কুলে ফেরত দেবেন। আচরণগুত চুক্তি দশটি ভাষায় ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর ওয়েবসাইটেও পাওয়া যায়।

পিতামাতাদেরকে স্কুলের নিরাপত্তা বজায় রাখার উদ্যোগে সক্রিয়ভাবে সংশ্লিষ্ট রাখার জন্য আমাদের স্কুল আন্তরিকভাবে চেষ্টা করে এবং আমাদের স্কুলকে অধিকতর উন্নত, শক্তিশালী এবং নিরাপদ রাখায় সহায়তা প্রদানের জন্য আপনাদেরকে ধন্যবাদ। আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আমাদেরকে _____ নম্বরে (স্কুলের ফোনে) ফোন করুন।